# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

**বিষয়ঃ বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া তে ১৯/১২/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত অধ্যক্ষ সম্মেলনের কার্যবিবরণী।**

প্রধান অতিথি ঃ জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

সভাপতি ঃ জনাব অশোক কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব(কারিগরি),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

স্থান ঃ সম্মেলন কক্ষ, বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া।

তারিখ ঃ ১৯ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ, মঙ্গলবার।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগনের হাজিরা পরিশিষ্ট 'ক'-তে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মেলনের কাজ শুরু করেন। তিনি সম্মেলনের প্রেক্ষাপট সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন। বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ প্রকৌঃ খোন্দকার গোলাম মোস্তফা সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, সিংগাপুর ট্রেনিং এর আলোকে নলেজ শেয়ারিং এ পরিবর্তনের চিত্র তুলে ধরে মাল্টিমিডিয়া ক্লাস, প্লেসমেন্ট সেল, রিসার্চ সেল, ক্যান্টিন ইত্যাদি বিষয়ে বর্ণনা করেন। সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে জনাব মোঃ সামসাদ খলিল, সহকারী পরিচালক, সংস্থাপন শাখা-১ সম্মেলনের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন এবং সম্মেলনের নির্ধারিত এজেন্ডা ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/শাখা |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ৪৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৪৮টি প্রতিষ্ঠানে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে কমিটির ৯৩ টি সভা, ১২৮ টি অভিযোগ নিস্পত্তিকরণ এবং ৭১টি প্রতিবেদন প্রেরণ করেছেন। ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউট এ নৈতিকতা কমিটি নেই। | ◻ ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে অবিলম্বে নৈতিকতা কমিটি গঠন।<br>◻ **"আমি ও আমার প্রতিষ্ঠান দূর্নীতিমুক্ত"** এই সাইনবোর্ড সকল প্রতিষ্ঠানে উন্মুক্ত স্থানে প্রদর্শন।<br>◻ "সততা স্টোর" প্রতিটি প্রতিষ্ঠানে এক মাসের মধ্যে তৈরী করা।<br>◻ জাতীয় শুদ্ধাচার কৌশলের যথাযথ বাস্তবায়ন। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ২. | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কমসম্পাদন চুক্তি বাস্তবায়ন | সকল প্রতিষ্ঠান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেছেন এবং ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করেছেন।কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে নোটিশ প্রকাশ করা হয়েছে। ৪ জানুয়ারি, ২০১৮খ্রিঃ তারিখের মধ্যে ২য় কোয়ার্টার অগ্রগতি প্রতিবেদন ও অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন নির্দিষ্ট ফরমেটে প্রেরণ করতে হবে। | ◻ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ি সকল কার্যক্রমের যথাযথ বাস্তবায়ন।<br>◻ নিদিষ্ট ছকে সময়মত প্রতিবেদনসমূহ প্রেরণ নিশ্চিতকরণ। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৩. | কোচিং ব্যবসা প্রাইভেট টিউশন বন্ধে গৃহীত কার্যক্রম | চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট ০১ জন শিক্ষক কোচিং ব্যবসা ও প্রাইভেট টিউশন এর সাথে জড়িত ছিলেন এবং অধ্যক্ষ ব্যবস্থা নিয়েছেন মর্মে প্রতিবেদন দাখিল করেছেন। অন্য কোন প্রতিষ্ঠানে কোচিং ব্যবসা ও প্রাইভেট টিউশন এর সাথে কেউ জড়িত নন। | ◻ কোচিং বানিজ্য বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।<br>◻ কোচিং এর প্রতি সতর্কতা ও জিরো টলারেন্স নীতি অবলম্বন। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৪. | ইন-হাউজ প্রশিক্ষণ সংক্রান্ত | প্রতিষ্ঠানসমূহে ৬৪টি ব্যাচে মোট ১৪৯৮ জনকে ইন-হাউস প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ◻ সকল প্রতিষ্ঠানে আর্থিক বিধি পালন সাপেক্ষে ইন-হাউস প্রশিক্ষণ পরিচালনা করা। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/শাখা |
|---|---|---|---|---|
| ৫. | গবেষনা ও উন্নয়ন সংক্রান্ত | রিসার্চ এন্ড নলেজ ম্যানেজমেন্ট সেল, উদ্ভাবনী উদ্যোগ ও এসআইপি রেপ্লিকেশন এবং গবেষণা সংক্রান্ত কার্যক্রম নরসিংদী, চট্টগ্রাম মহিলা, ফেনী পলিঃ, হবিগঞ্জ, ঠাকুরগাঁও, চাপাইনবাবগঞ্জ, সাতক্ষীরা, ভোলা পলিঃ ইনস্টিটিউটের সন্তোষজনক অবস্থানে রয়েছে। অবশিষ্ঠ প্রতিষ্ঠানসমূহে গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে আরও বেশি উদ্যোগী হওয়া প্রয়োজন। | ☐ রিসার্চ এর মাধ্যমে নতুন নতুন প্রজেক্ট তৈরী করা।<br>☐ উদ্ভাবনী উদ্যোগ এর ডাটাবেইজড ও এসআইপি রেপ্লিকেশন এর অগ্রগতি প্রতিবেদন অত্র অধিদপ্তরে প্রেরণ। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৬. | ই-জিপি প্রক্রিয়ায় ক্রয়কার্য সম্পাদন | ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর ও সকল প্রতিষ্ঠানসমূহকে ই-জিপি প্রক্রিয়ার ক্রয়কার্য কর্মসম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতিমধ্যে প্রতিষ্ঠানসমূহকে অত্র অধিদপ্তরের HOPE কর্তৃক প্রতিষ্ঠানসমূহকে PE Admin এর ডোমেইন ও পাসওয়াড প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানসমূহের প্রাপ্ত তথ্য অনুযায়ী কোন প্রতিস্থানই ই-জিপি কার্যক্রম সম্পন্ন করেননি। ইতিমধ্যে STEP কর্তৃক ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ, গজারিয়া, মুন্সীগঞ্জে অত্র অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানসমূহের আয়ন-ব্যয়ন কর্মকর্তা, ওপেনিং কমিটি ও ইভ্যালুয়েশন কমিটির সদস্যগণকে প্রশিক্ষণ প্রদান চলছে। | ☐ কমপক্ষে ২ (দুই)টি ক্রয় ই-জিপি প্রক্রিয়ায় সম্পাদন করতে হবে। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৭. | শেরপা বাস্তবায়ন | শেরপা বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমে ফরিদপুর, কক্সবাজার, কুমিল্লা, সিলেট, রাজশাহী,বগুড়া, যশোর,ঝিনাইদহ পলিটেকনিক ইনস্টিউটে (ক) টয়লেট স্থাপন (খ) ওয়াশ বেসিন এবং (গ) বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা হয় নাই। অন্যান্য প্রতিষ্ঠানসমূহের শেরপা বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম মোটেই সন্তোষজনক নয়, এ ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগনকে আরও আন্তরিত হওয়া প্রয়োজন। | ☐ শেরপা বাস্তবায়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম অবিলম্বে গ্রহন ও বাস্তবায়ন। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৮. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অর্ন্তভূক্তিকরণ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অর্ন্তভূক্তিকরণ সংক্রান্ত কার্যক্রমে মুন্সিগঞ্জ, শরীয়তপুর, বি.এস. পলিঃ, কুমিল্লা, ফেনী, মৌলভীবাজার, দিনাজপুর, ভোলা পলিটেকনিক ইনস্টিটিউটে ও ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে (ক) ডাটাবেজে প্রতিবন্ধী শিক্ষার্থী (খ) প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক নাই। অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যে কোন কোন প্রতিষ্ঠানে প্রতিবন্ধী শিক্ষার্থী রয়েছে কিন্তু প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক নাই সেসকল প্রতিষ্ঠান প্রধানগনকে শিক্ষকদের প্রশিক্ষনে প্রেরণের উদ্যোগ গ্রহণ করবেন। | ☐ প্রতিবন্ধী শিক্ষার্থীদের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে অর্ন্তভূক্তিকরণ সহজীকরণের জন্য ডাটাবেইজ তৈরি, শিক্ষক প্রশিক্ষণ ও প্রয়োজনীয় অবকাঠামো স্থাপনের সিদ্ধান্ত গ্রহন। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ৯. | মুক্তিযুদ্ধভিত্তিক বই ও দলিলপত্র সরবরাহ ও সংরক্ষণ | মুক্তিযুদ্ধভিত্তিক বই ক্রয় ও দলিলপত্র সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে গ্রাফিক আর্টস, ময়মনসিংহ, চাঁদপুর, রংপুর, রাজশাহী, খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে মুক্তিযুদ্ধভিত্তিক বই ও দলিলপত্র ক্রয় ও সংরক্ষণ করা হয় নাই। যাহা সন্তোষজনক নয়। বর্তমান অর্থবছরে আবশ্যিকভাবে প্রতিষ্ঠানসমূহকে মুক্তিযুদ্ধভিত্তিক বই ও দলিলপত্র ক্রয় ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহন করবেন। | ☐ মুক্তিযুদ্ধভিত্তিক বই ও দলিলপত্র সরবরাহ ও সংরক্ষণ করতে হবে। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |
| ১০. | প্রতিষ্ঠানসমূহে গ্রীন প্রাকটিস্ বাস্তবায়ন সংক্রান্ত | নবায়নযোগ্য জালানীর ব্যবহার, বৃক্ষরোপন সংক্রান্ত কার্যক্রমে গ্রাফিক আর্টস, রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট কোন কার্যক্রমই গ্রহণ করেননি। চাঁদপুর, বগুড়া ও কুষ্টিয়া পলিটেকনিক ইনস্টিটিউটে ১টি বৃক্ষের চারা রোপন করা হয়েছে। যাহা মোটেই সন্তোষজনক নয়। প্রতিষ্ঠানসমূহ গ্রীন প্রাকটি্স কার্যক্রমের ধারাবাহিকা বজায় রাখবেন। | ☐ কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত গ্রীন প্রাকটিস্ বাস্তবায়ন সংক্রান্ত কার্ক্রমের অংশ হিসাবে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | পলি/মনোটেকনিক ইনস্টিটিউট |

| ক্র. নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/শাখা |
|---|---|---|---|---|
| ১২. | কম্যুনিটি আউটরিচ প্রোগ্রাম পরিচালনা | এলাকা ভিত্তিক সুবিধাবঞ্চিত যুবকদের প্রশিক্ষণ, প্রশিক্ষণ শেষে চাকুরীর ক্ষেত্রে সহায়তা ও আত্মকর্মসংস্থানে সহায়তা সংক্রান্ত কম্যুনিটি আউটরিচ প্রোগ্রাম কার্যক্রমে নরসিংদী, কক্সবাজার, ঠাকুরগাঁও পলিটেকনিক ইনস্টিটিউটে কম্যুনিটি আউটরিচ প্রোগ্রাম পরিচালনা সন্তোষজনক। অবশিষ্ট পলিটেকনিক ইনস্টিটিউটসমুহে স্বউদ্যোগী হয়ে কোন কার্যক্রম গ্রহন করা হয় নাই । এ ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগনকে আরও আন্তরিক হওয়া প্রয়োজন। | ◻ এলাকা ভিত্তিক সুবিধাবঞ্চিত যুবকদের প্রশিক্ষণ, প্রশিক্ষণ শেষে চাকুরীর ক্ষেত্রে সহায়তা ও আত্মকর্মসংস্থানে সহায়তা সংক্রান্ত কম্যুনিটি আউটরিচ প্রোগ্রাম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | পলি/মনোটেক নিক ইনস্টিটিউট |
| ১৩. | ইন্ডাস্ট্রি-ইন্সটিটিউট লিংকেজ বৃদ্ধিকরণ | ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বৃদ্ধিকরণ কার্যক্রমে ফরিদপুর, শরীয়তপুর, চাপাইনবাবগঞ্জ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউটে কোন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়নি, যাহা মোটেই সন্তোষজনক নয়। প্রতিষ্ঠানসমূহকে ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বৃদ্ধিকরণ ধারাবাহিকতা বজায় রাখবেন। এ ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগনকে আরও তৎপর ও আন্তরিক হওয়া প্রয়োজন। | ◻ ইন্ডাস্ট্রি-ইন্সটিটিউট লিংকেজ বৃদ্ধি করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>◻ ফরিদপুর, শরীয়তপুর, চাপাইনবাবগঞ্জ, বরিশাল পলিটেকনিক ইনস্টিটিউট সমঝোতা স্মারক স্বাক্ষরে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পলি/মনোটেক নিক ইনস্টিটিউট |
| ১৪. | বিবিধ | ১. মেরামত ও সংরক্ষণ<br>২. নিয়মিত ল্যাব/ওয়ার্কসপ ভেরিফিকেশন<br>৩. নন-ট্যাক্স রেভিনিউ আয় প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে ও মাসিক হিসাব বিবরণী ০৫ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ | ◻ আর্থিক বিধি মোতাবেক মেরামত ও সংরক্ষণ কাজে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন।<br>◻ নিয়মিত ল্যাব/ওয়ার্কসপ ভেরিফিকেশন ও ক্লাসসমূহ ল্যাব/ওয়ার্কসপ বেইজড করতে হবে।<br>◻ নন-ট্যাক্স রেভিনিউ আয় প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে ও মাসিক হিসাব বিবরণী ০৫ তারিখের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।<br>◻ পরবর্তী অধ্যক্ষ সম্মেলন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট এ আয়োজনের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | পলি/মনোটেক নিক ইনস্টিটিউট |

সম্মেলনের এক পর্যায়ে প্রধান অতিথি জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ উপস্থিত সকলকে উৎপাদন বাড়ানো, পরিবর্তিত টেকনোলজীর সাথে খাপ খাওয়ানোর পরামর্শ দেন এবং ২০৩০ সালে TVET কে কোথায় দেখতে চাই সেই অনুযায়ী প্রকল্প গ্রহনের আহবান জানান ।

সিএনসি মেশিন বিষয়ে চায়নাতে প্রশিক্ষনের জন্য নাম প্রস্তাবের প্রেক্ষিতে ১। মোঃ মোস্তাফিজুর রহমান, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), বগুড়া পলিটেকনিক ইনস্টিটিউট ২। মোঃ মফিজুল হক, ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), ফেনী পলিটেকনিক ইনস্টিটিউট ৩। সাহাদাত উল্লা, ওয়ার্কশপ সুপার (মেকানিক্যাল), ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউট ৩ (তিন) জনের নাম চুড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সম্মেলনে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সম্মেলনের সমাপ্তি ঘোষনা করেন।

(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.০৬.০১৯.১৪- ০৮ তারিখঃ ০৩/০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

৩। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/ভোকেশনাল/পি.আই.ইউ/পি.আই.ডব্লিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।

৫। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। সংরক্ষণ নথি।

(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক-১
ফোনঃ ০২-৮১৮১২২৯